তারিখ 02 AUG 2015
পৃষ্ঠা ৮ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয়

# স্বাধীন বাংলাদেশের অভ্যুদয় বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১ আগস্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ে 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস' বিষয়ক কলেজ শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ কর্মশালায় শনিবার অনুষ্ঠিত হয়েছে। গাজীপুরের বোর্ডবাজারে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে প্রথম ব্যাচের এ প্রশিক্ষণ কর্মশালার ৫ম দিনে (শনিবার) প্রফেসর এমিরিটাস ড. আনিসুজ্জামান, রাষ্ট্রদূত মোহাম্মদ জমির এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বক্তব্য রাখেন।

বাঙালীর রাষ্ট্র ভাবনা বিষয়ে বক্তব্য রাখতে গিয়ে প্রফেসর এমিরিটাস ড. আনিসুজ্জামান বলেন, আবহমানকাল ধরে বাংলাদেশের সমাজ ও পরবর্তীতে বাংলাদেশ রাষ্ট্র সাংস্কৃতিক সমন্বয়বাদিতার আদর্শ ও অসাম্প্রদায়িক রাজনৈতিক দর্শনের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। এর ব্যত্যয় ঘটার কোনো সম্ভাবনা নেই। বাংলাদেশে জঙ্গীবাদ ও উগ্র সাম্প্রদায়িকতার কখনও কোন স্থান হবে না। একই বিষয়ে দিনের ১ম বক্তা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, 'আমাদের দেশে সাম্প্রদায়িকতার উদ্ভব ব্রিটিশ শাসনের ফল এবং এর পরিণতি ধর্মীয় সীমারেখায় ১৯৪৭ সালে 'দেশ বিভাগ।' ১৯৪০ সালের লাহোর প্রস্তাব সম্পর্কে তিনি বলেন, 'এটি ছিল বাঙালীর স্বাধীন রাষ্ট্র চিন্তার প্রথম আনুষ্ঠানিক বহিঃপ্রকাশ, যা অসাম্প্রদায়িক চেতনার ভিত্তিতে ১৯৭১ সালে বঙ্গবন্ধুর নেতৃত্বে স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের মধ্য দিয়ে বাস্তবে রূপ নেয়।' এছাড়াও একই বিষয়ে দিনের ৩য় বক্তা রাষ্ট্রদূত মোহাম্মদ জমির বলেন, '১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ বৈধ, গণতান্ত্রিক ও ন্যায় সঙ্গত হওয়া সত্ত্বেও মুসলিম বিশ্বের অধিকাংশ দেশ এর প্রতি সমর্থন জ্ঞাপন না করে পাকিস্তান সামরিক জান্তার পক্ষে অবস্থান নেয়। এভাবে তারা ইসলামের সত্য ও ন্যায় নীতির বিরুদ্ধে দাঁড়ায়, যা ছিল খুবই দুর্ভাগ্যজনক।